গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.moef.gov.bd

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ শাহাব উদ্দিন এম.পি
মন্ত্রী
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
তারিখ : ২৮-০৮-২০১৯ খ্রিষ্টাব্দ
সময় : বিকাল ০৩:০০ টা
স্থান : পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।
উপস্থিতি : পরিশিষ্ট-'ক'।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে আয়োজিত সভায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। মন্ত্রণালয়ের সচিব মহোদয় জানান যে, জাতীয় কর্মসূচির সাথে সমন্বয় করে এই মন্ত্রণালয়ের আওতায় বিভিন্ন কর্মসূচি গ্রহণের পরিকল্পনা নেয়া হয়েছে। তবে মন্ত্রণালয়ের অধীন বিশেষ কিছু কর্মসূচি গ্রহণ করার ব্যাপারে তিনি গুরুত্ব আরোপ করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন) সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন। সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | র‍্যালি, আলোচনা সভা, দোয়া ও মিলাদ মাহফিল | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে পরিবেশ অধিদপ্তর, বন অধিদপ্তর এবং সকল বিভাগীয় ও জেলা কার্যালয়সমূহ, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট, বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউটের সম্মুখ হতে র‍্যালী বের করা হবে। র‍্যালি শেষে আলোচনা ও দোয়া মাহফিল অনুষ্ঠান করার বিষয়ে সভায় আলোচনা হয়। তবে এ সকল কর্মসূচি জাতীয় কর্মসূচির সাথে সমন্বয় করে পরবর্তীতে চূড়ান্ত সিদ্ধান্ত নিতে হবে। | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী উদ্‌যাপনে জাতীয় কর্মসূচির সাথে সমন্বয় করে র‍্যালি, আলোচনা সভা, দোয়া ও মিলাদ মাহফিলের আয়োজন করতে হবে। | সকল দপ্তর/সংস্থা |
| ২ | দেশব্যাপী একই সময়ে একশত লক্ষ (এক কোটি) বৃক্ষের চারা রোপণ | বন অধিদপ্তর দেশব্যাপী একই সময়ে একশত লক্ষ (এক কোটি) বৃক্ষের চারা সম্মানিত সংসদ সদস্যবৃন্দ, জেলা প্রশাসন এর সহযোগিতায় সকল শিক্ষা প্রতিষ্ঠান ও ব্যক্তিগত পর্যায়ে একযোগে চারা রোপণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। এক কোটি চারার মধ্যে কিছু চারা নষ্ট হতে পারে তাই আরও ২০ লক্ষ চারা অতিরিক্ত উৎপাদনের বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়। | জুন-জুলাই/২০২০ সময়ের মধ্যে যে কোন একদিন দেশব্যাপী বৃক্ষের চারা রোপণের লক্ষে এক কোটি ২০ লক্ষ চারা উৎপাদন নিশ্চিত করার জন্য এখন হতেই প্রস্তুতি গ্রহণ করতে হবে। | বন অধিদপ্তর |
| ৩ | ব্যানার স্থাপন | ১৭ মার্চ ২০২০, সকল দপ্তরের কেন্দ্রীয়, বিভাগীয় ও জেলা কার্যালয়সমূহে ব্যানার, ফেস্টুন স্থাপন করার বিষয়ে সভায় আলোচনা হয়। | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের জাতীয় কর্মসূচির সাথে মিল রেখে ব্যানার তৈরি করতে হবে। | সকল দপ্তর/সংস্থা |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৪ | চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা [বঙ্গবন্ধু ও পরিবেশ বিষয়ে] | পরিবেশ অধিদপ্তর, বন অধিদপ্তর, বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট কর্তৃক চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করার বিষয়ে সভায় আলোচনা হয়। | "আমাদের অধিকার, দেশ রাখবো পরিস্কার" এই থিমের উপর ভিত্তি করে চিত্রাঙ্কন প্রতিযোগিতার ব্যবস্থা করতে হবে। | পরিবেশ অধিদপ্তর, বন অধিদপ্তর, বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট |
| ৫ | পরিচ্ছন্নতা কার্যক্রম | এ মন্ত্রণালয়াধীন বিভিন্ন অধিদপ্তর ও সংস্থার কেন্দ্রীয়, সকল বিভাগীয় ও জেলা কার্যালয়সমূহ পরিস্কার-পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা করার বিষয়ে সভায় আলোচনা হয়। | সকল দপ্তর/সংস্থার কেন্দ্রীয় ও সকল বিভাগীয় এবং জেলা কার্যালয়সমূহ পরিস্কার-পরিচ্ছন্ন রাখতে হবে। | সকল দপ্তর/সংস্থা |
| ৬ | সামাজিক বনায়নে সম্পৃক্ত উপকারভোগীদের মধ্যে লভ্যাংশের চেক বিতরণ। | সামাজিক বনায়নে সম্পৃক্ত উপকারভোগীদের মধ্যে লভ্যাংশের চেক বিতরণ করার সময় কোন্ পর্যায়ের কর্মকর্তা উপস্থিত থাকবেন সে ব্যাপারে আলোচনা হয়। | সামাজিক বনায়নে সম্পৃক্ত উপকারভোগীদের প্রাপ্য লভ্যাংশের চেক যত সম্ভব বেশি উপকারভোগীর মাঝে বিতরণ করতে হবে। এছাড়া ঐ চেক বিতরণকালে কে থাকবে তা পূর্বে থেকেই নির্ধারণ করে রাখতে হবে। | বন অধিদপ্তর |
| ৭ | এক দিনের জন্য সাফারীপার্ক, ইকোপার্ক, জাতীয় উদ্যান ও টুরিস্ট স্পটসমূহ দর্শনার্থীদের বিনামূল্যে পরিদর্শনের সুযোগ প্রদান। | এক দিনের জন্য সাফারীপার্ক, ইকোপার্ক, জাতীয় উদ্যান ও টুরিস্ট স্পটসমূহ দর্শনার্থীদের বিনামূল্যে পরিদর্শনের সুযোগ প্রদান করার বিষয়টি ব্যাপক প্রচারের জন্য আলোচনা হয়। | এক দিনের জন্য সাফারীপার্ক, ইকোপার্ক, জাতীয় উদ্যান ও টুরিস্ট স্পটসমূহ দর্শনার্থীদের বিনামূল্যে পরিদর্শনের সুযোগ প্রদানের লক্ষ্যে ব্যাপক প্রচারের উদ্দেশ্যে টিভি স্ক্রলে বিজ্ঞাপন দেয়ার ব্যবস্থা করতে হবে এবং এ বিষয়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানে লিফলেট বিতরণ করতে হবে। | বন অধিদপ্তর |
| ৮ | বঙ্গবন্ধুর জীবনভিত্তিক স্বরচিত লেখনি ও কবিতা ইত্যাদির প্রতিযোগিতা | বঙ্গবন্ধুর জীবনভিত্তিক স্বরচিত লেখনি ও কবিতা ইত্যাদির প্রতিযোগিতার আয়োজন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | বঙ্গবন্ধুর জীবনভিত্তিক স্বরচিত লেখনি ও কবিতাসহ প্রতিযোগিতার আয়োজন করতে হবে। | সকল দপ্তর/সংস্থা |
| ৯ | আলোক সজ্জাকরণ | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় ও এর দপ্তর/সংস্থার অফিসসমূহ আলোক সজ্জাকরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় ও এর সকল দপ্তর/সংস্থার অফিসসমূহে ১৬-১৮ মার্চ/২০২০ পর্যন্ত আলোকসজ্জা করতে হবে। | মন্ত্রণালয় এবং সকল দপ্তর/সংস্থা |
| ১০ | রচনা প্রতিযোগিতা ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠানঃ<br>ক) গ্রুপ- বঙ্গাবন্ধুর শৈশব ও কৈশর (৮ম শ্রেণি পর্যন্ত)- ৫০০ শব্দ<br>খ) গ্রুপ- বঙ্গাবন্ধুর রাজনৈতিক ও কর্মময় জীবন। (৯ম শ্রেণি থেকে তদুর্ধ্ব)- ১৫০০ শব্দ। | রচনা প্রতিযোগিতা ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠান নিম্নোক্তভাবে আয়োজন করার বিষয়ে সভায় আলোচনা হয়।<br>ক) গ্রুপ- বঙ্গাবন্ধুর শৈশব ও কৈশর (৮ম শ্রেণি পর্যন্ত)- ৫০০ শব্দ<br>খ) গ্রুপ- বঙ্গাবন্ধুর রাজনৈতিক ও কর্মময় জীবন। (৯ম শ্রেণি থেকে তদুর্ধ্ব)- ১৫০০ শব্দ। | রচনা প্রতিযোগিতা ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠানে যথাযথভাবে আয়োজন করতে হবে। | সকল দপ্তর/সংস্থা |
| ১১ | বঙ্গাবন্ধুর জীবনের উল্লেখযোগ্য দিনগুলিতে বিশেষ আলোচনা সভার আয়োজন করা | বঙ্গাবন্ধুর জীবনের উল্লেখযোগ্য দিনগুলিতে যেমন ১০ জানুয়ারি স্বদেশ প্রত্যাবর্তন দিবস, ৭ মার্চের ঐতিহাসিক ভাষণ, ১৭ মার্চ জন্ম দিবস উপলক্ষ্যে বিশেষ আলোচনা সভার আয়োজন করা হবে মর্মে সভায় আলোচনা হয়। | বঙ্গাবন্ধুর জীবনের উল্লেখযোগ্য দিনগুলিতে বিশেষ আলোচনা সভার আয়োজন করতে হবে। | সকল দপ্তর/সংস্থা |
| ১২ | স্কুল ও কলেজের শিক্ষার্থীদের নিয়ে শব্দ, পানি ও বায়ুদূষণ বিরোধী প্রচারণা | স্কুল ও কলেজের শিক্ষার্থীদের নিয়ে শব্দ, পানি ও বায়ুদূষণ বিরোধী প্রচারণার বিষয়ে সভায় আলোচনা হয়। | স্কুল ও কলেজের শিক্ষার্থীদের নিয়ে শব্দ, পানি ও বায়ুদূষণ বিরোধী প্রচারণার ব্যবস্থা করতে হবে। একেক মাসে একেক বিষয়ের উপর প্রচারণা | পরিবেশ অধিদপ্তর |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | | চালাতে হবে। | |
| ১৩ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের বিষয়টি সকল কার্যালয় হতে ফেসবুকে প্রচারণা | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের বিষয়টি সকল কার্যালয় হতে ফেসবুকে প্রচারণা চালানোর বিষয়ে সভায় আলোচনা করা হয়। | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের বিষয়টি এ মন্ত্রণালয়াধীন সকল কার্যালয় হতে ফেসবুকে প্রচারণা চালানোর ব্যবস্থা করতে হবে। | সকল দপ্তর/সংস্থা |
| ১৪ | কুমির ও কচ্ছপ প্রজাতির ১০০টি বাচ্চা প্রকৃতিতে অবমুক্তকরণ | ১৭ মার্চ ব্যতীত অন্য যে কোন দিন কুমির, কচ্ছপ প্রজাতির বাচ্চা প্রকৃতিতে অবমুক্তকরণের বিষয়ে সভায় আলোচনা হয়। | ১৭ মার্চ ব্যতীত অন্য যে কোন দিনে কুমির, কচ্ছপ প্রজাতির বাচ্চা প্রকৃতিতে অবমুক্ত করতে হবে। | বন অধিদপ্তর |
| ১৫ | উদ্ধারকৃত পাখি প্রকৃতিতে অবমুক্তকরণ | উদ্ধারকৃত পাখি প্রকৃতিতে অবমুক্তকরণ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | উদ্ধারকৃত পাখি যে কোন বিশেষ দিনে প্রকৃতিতে অবমুক্ত করা হবে। | বন অধিদপ্তর |
| ১৬ | বন ও পরিবেশ উন্নয়নে বঙ্গবন্ধু কর্তৃক প্রদত্ত নির্দেশনা ও গৃহীত পদক্ষেপসমূহের উপর ভিত্তি করে স্মারক সংকলন প্রকাশ। | বন ও পরিবেশ উন্নয়নে বঙ্গবন্ধু কর্তৃক প্রদত্ত নির্দেশনা ও গৃহীত পদক্ষেপসমূহের উপর ভিত্তি করে স্মারক সংকলন প্রকাশের বিষয়ে সভায় আলোচনা হয়। | বন ও পরিবেশ উন্নয়নে বঙ্গবন্ধু কর্তৃক প্রদত্ত নির্দেশনা ও গৃহীত পদক্ষেপসমূহের উপর ভিত্তি করে স্মারক সংকলন প্রকাশের ব্যবস্থা করতে হবে। | সকল দপ্তর/সংস্থা |
| ১৭ | বিভাগীয় শহরে জলবায়ু পরিবর্তন ও পরিবেশ সম্পর্কে সচেতনতামূলক প্রোগ্রাম করা | জলবায়ু পরিবর্তন ও পরিবেশ সম্পর্কে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে বিভাগীয় শহরে ভ্রাম্যমাণ বাস ভ্রমণ করবে। বাসের ভিতরে জলবায়ু পরিবর্তন ট্রাস্টের কার্যক্রম থাকবে। | জলবায়ু পরিবর্তন ও পরিবেশ সম্পর্কে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে ভ্রাম্যমান বাস নির্দিষ্ট জেলা ও উপজেলায় প্রদক্ষিণ করবে। বাসের ভিতরে জলবায়ু পরিবর্তন ট্রাস্টের কার্যক্রম অবহিতকরণের ব্যবস্থা রাখতে হবে। | বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট |
| ১৮ | জলবায়ু পরিবর্তন ট্রাস্ট এর কার্যক্রমের স্থির চিত্রের বুকলেট তৈরি ও বিতরণ ও প্রদর্শণী | জলবায়ু পরিবর্তন ট্রাস্ট এর কার্যক্রমের স্থির চিত্রের বুকলেট তৈরি ও বিতরণ ও প্রদর্শনীর ব্যবস্থা করার বিষয়ে সভায় আলোচনা হয়। | জলবায়ু পরিবর্তন ট্রাস্ট এর কার্যক্রমের স্থির চিত্রের বুকলেট তৈরি ও বিতরণ করতে হবে। | বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট |
| ১৯ | ঢাকাস্থ বিভিন্ন সরকারি, বেসরকারি কলেজ/বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদেরকে হারবেরিয়ামের সেবা এবং কর্মকান্ড সম্পর্কে অবহিত করা। | ঢাকাস্থ বিভিন্ন সরকারি, বেসরকারি কলেজ/বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদ ও প্রাণিবিদ্যা বিভাগের ছাত্র/ছাত্রীদের হারবেরিয়ামের কর্মকাণ্ড সম্পর্কে অবহিত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ঢাকাস্থ বিভিন্ন সরকারি, বেসরকারি কলেজ/বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদ ও প্রাণিবিদ্যা বিভাগের ছাত্র/ছাত্রীদের ন্যাশনাল হারবেরিয়ামের কর্মকান্ড সম্পর্কে অবহিত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম |
| ২০ | বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউটের এযাবৎকালের প্রকাশিত নিবন্ধ ও গ্রন্থসমূহের সারসংক্ষেপ সম্বলিত গ্রন্থসমূহের মোড়ক উন্মোচন। | বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউটের এযাবৎকালের প্রকাশিত নিবন্ধ ও গ্রন্থসমূহের সারসংক্ষেপ সম্বলিত গ্রন্থসমূহের মোড়ক উন্মোচন করার ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। | বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউটের এযাবৎকালের প্রকাশিত নিবন্ধ ও গ্রন্থসমূহের সারসংক্ষেপ সম্বলিত গ্রন্থসমূহের মোড়ক উন্মোচনের ব্যবস্থা করতে হবে। | বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট |

০৩। সচিব মহোদয় সকলের প্রচেষ্টা ও সহযোগিতায় যেন বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীর অনুষ্ঠানসমূহ প্রাণবন্ত ও সুন্দরভাবে ফুটিয়ে তোলা যায় সে বিষয়ে মতামত ব্যক্ত করেন এবং অনুষ্ঠানসূচির পরিবর্তন হতে পারে মর্মে সভাকে অবহিত করেন।

মাননীয় উপমন্ত্রী সকল কাজে বঙ্গবন্ধুর প্রতিচ্ছবি ফুটিয়ে তোলার বিষয়ে আলোকপাত করেন। বর্ষাকালে বৃক্ষরোপণের ওপর তিনি জোর দেন। বন্যপ্রাণী যেন হত্যা না করা হয় সে দিকে খেয়াল রাখাসহ এ ব্যাপারে ব্যাপক প্রচারের ব্যবস্থা করার জন্য বলেন।

সভাপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর আদর্শ ও স্বপ্ন ভবিষ্যৎ প্রজন্মের মাঝে ছড়িয়ে দেয়ার লক্ষ্যে কর্মসূচিসমূহের সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করার ব্যাপারে দিক নির্দেশনা প্রদান করেন। এ ছাড়া এ বিষয়ে সারা দেশে একটা স্বতঃস্ফূর্ত জাগরণ যেন সৃষ্টি হয় সে লক্ষ্যে সকলকে আন্তরিকভাবে কাজ করার জন্যও তিনি অনুরোধ করেন। যথাযোগ্য মর্যাদায় অনুষ্ঠানসমূহ উদ্‌যাপন করার জন্য সকলের সহযোগিতা প্রত্যাশা করেন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৮/০৯/১৯

(মোঃ শাহাব উদ্দিন এম.পি.)
মন্ত্রী

স্মারক নম্বর-২২.০০.০০০০.০৫১.১৬.০০১.১৯- ৭০৯

তারিখ: ০৪ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ
১৯ সেপ্টেম্বর ২০১৯ খ্রিষ্টাব্দ

**সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ**

১। অতিরিক্ত সচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
২। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩। প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৪। চেয়ারম্যান, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন, মতিঝিল, ঢাকা।
৫। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট, পুরাতন বন ভবন, মহাখালী, ঢাকা।
৬। যুগ্মসচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৭। পরিচালক, বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট, ষোলশহর, চট্টগ্রাম।
৮। পরিচালক, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম, মিরপুর, ঢাকা।
৯। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
১০। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
১১। সচিবের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
১২। অফিস কপি।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধান সমন্বয়ক, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি, ৫ম তলা, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, ১/ক, সেগুনবাগিচা, ঢাকা।

১৯/০৯/২০১৯

(নাজনীন হোসেন)
উপসচিব